

ঢাবির 'ঘ' ইউনিটে পাসের হার ১৩.২৬ শতাংশ

প্রতিবেদক, ঢাকা বিশ্ববিদ্যালয়

২৯ অক্টোবর ২০১৯, ১৩:৩২
আপডেট: ২৯ অক্টোবর ২০১৯, ১৩:৩৩




ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান
অনুষদভুক্ত 'ঘ' ইউনিটের প্রথম বর্ষে ভর্তি
পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। পরীক্ষায় অংশ
নেওয়া ৮৪ হাজার ১৭৭ শিক্ষার্থীর মধ্যে তিন
বিভাগ মিলিয়ে ১১ হাজার ১৫৮ জন উত্তীর্ণ
হয়েছেন। সেই হিসাবে 'ঘ' ইউনিটে এবার পাসের
হার ১৩ দশমিক ২৬ শতাংশ। আজ মঙ্গলবার
দুপুর সাড়ে বারোটায় এই ফল প্রকাশ করা হয়।

'ঘ' ইউনিটের পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস ও জালিয়াতির অভিযোগে গত বছর ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই ইউনিটের
পরীক্ষার ফল প্রকাশ স্থগিত করে উত্তীর্ণদের পুনঃপরীক্ষা নিতে বাধ্য হয়েছিল। তবে 'ঘ' ইউনিটের পরীক্ষা ঘিরে এবার
অনিয়ম ও জালিয়াতির কোনো খবর পাওয়া যায়নি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. আখতারজ্জামান আজ দুপুরে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি কার্যালয়ে
আনুষ্ঠানিকভাবে 'ঘ' ইউনিট ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করেন।



প্রকাশিত ফলাফলে নৈর্ব্যক্তিক অংশে ১২ হাজার ৬৬৭ জন শিক্ষার্থী পাস করেছেন। লিখিত অংশ মূল্যায়নের পর তাঁদের মধ্যে ১১ হাজার ১৫৮ জন সমন্বিতভাবে উত্তীর্ণ হয়ে মেধাতালিকায় জায়গা করে নিয়েছেন।

ফলাফলে বিজ্ঞান শাখা থেকে ৮ হাজার ৪৮৫ জন, ব্যবসায় শিক্ষা থেকে ২ হাজার ১০৪ জন আর মানবিক শাখা থেকে ৫৬৯ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছেন। বিজ্ঞান শাখা থেকে এক হাজার ৯৭ জন, ব্যবসায় শিক্ষা থেকে ৪১০ জন আর মানবিক শাখা থেকে ৫৩ জন এবার এই ইউনিটের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পাবেন।

বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (admission.eis.du.ac.bd) 'ঘ' ইউনিটের ফল জানা যাচ্ছে। মুঠোফোন থেকে খুদে বার্তার মাধ্যমেও জানা যাচ্ছে ফলাফল। এর জন্য যেকোনো অপারেটরের গ্রাহকেরা মুঠোফোনের ম্যাসেজ অপশন থেকে DU<GHA<Roll No লিখে 16321 নম্বরে এসএমএস পাঠাতে হবে।

উত্তীর্ণ প্রার্থীদের ৩১ অক্টোবর থেকে ১৪ নভেম্বরের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে 'চয়েস ফরম' ও বিস্তারিত ফরম পূরণ করতে বলা হয়েছে। নির্ধারিত ফি দিয়ে ৩০ অক্টোবর থেকে ৬ নভেম্বর পর্যন্ত সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন কার্যালয়ে ফল পুনঃনিরীক্ষণের আবেদন করা যাবে।

গত ২৭ সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও এর বাইরে মোট ৮৬টি কেন্দ্রে 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এক হাজার ৫৬০ আসনের বিপরীতে এবার ৯৭ হাজার ৫০৫ জন শিক্ষার্থী আবেদন করেছিলেন। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে বিজ্ঞান, কলা ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে উত্তীর্ণ যেকোনো শিক্ষার্থী স্ব-স্ব ইউনিটে আবেদনের যোগ্যতা পূরণসাপেক্ষে 'ঘ' ইউনিটে আবেদন করতে পারেন।